তারিখ : 26 MAY 2015
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

যুগান্তর

# ঢাবিতে ক্যাম্পাস থ্রিজি ডে

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে তথ্যপ্রযুক্তির জ্ঞান বৃদ্ধি ও প্রযুক্তিনির্ভর ক্যাম্পাস গঠনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম বৃহৎ সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (ডিইউআইটিএস) বর্ণাঢ্য আয়োজনে পালন করেছে রবি-ডিইউআইটিএস ক্যাম্পাস থ্রিজি ডে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে ২৩ মে সকাল থেকে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে রবি-ডিইউআইটিএস ক্যাম্পাস থ্রিজি ডে উদ্‌যাপিত হয়। জমকালো এ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আ আ ম স আরেফীন সিদ্দিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন অ্যান্ড ফিল্ম স্টাডিজ বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ডিইউআইটিএসের মডারেটর শফিউল আলম ভূঁইয়া, রবি আজিয়াটা লিমিটেডের চিফ অপারেটিং অফিসার মাহতাব উদ্দীন, এরিকসন বাংলাদেশের ভাইস প্রেসিডেন্ট (কি অ্যাকাউন্টস) রাশেদ হক, ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সভাপতি আবদুল্লাহ আল ইমরান, ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আরিফ দেওয়ান, বর্তমান সাধারণ সম্পাদক মাফরুহ উর রহমান ফারুকীসহ আরও অনেকে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, তথ্যপ্রযুক্তির যেমন অনেক ভালো দিক আছে তেমনি অনেক খারাপ দিকও আছে। কিন্তু ছাত্র-ছাত্রীদের উচিত সব সময় তথ্যপ্রযুক্তির অপব্যবহার থেকে দূরে থাকা এবং নিজের ভালো কাজে ব্যবহার করা। আইসিটি এমন একটি সেক্টর যেটি বাংলাদেশে খুব দ্রুত বিকশিত হচ্ছে; এ সেক্টরের অনেক সম্ভাবনা রয়েছে। ডিইউআইটিএস আইসিটি নিয়ে অনেক ভালো ভালো কাজ করছে, যা প্রশংসার দাবি রাখে। রবি এবং এরিকসনের সহায়তার তাদের এ আয়োজনকে আমি সাধুবাদ জানাই। রবি এবং এরিকসনকেও ধন্যবাদ জানাই এ ধরনের আয়োজন পৃষ্ঠপোষকতা করার জন্য। আশা করি ভবিষ্যতেও এ ধরনের অনুষ্ঠান অব্যাহত থাকবে। অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক রবির মাহতাব উদ্দিন আহমেদ তার বক্তব্যে বলেন, রবি বাংলাদেশের মানুষকে সেরা ইন্টারনেট সেবা পৌঁছে দিতে ব্যাপক বিনিয়োগ করেছে। সবচেয়ে সেরা কাস্টমার এক্সপেরিয়েন্স নিশ্চিত করতে অন্যদের চেয়ে এগিয়ে ৩.৫ জি সেবা দিয়ে আসছে শুধুই রবি। আমরা আনন্দিত যে, ক্যাম্পাসে থ্রিজি দিবস পালনের মাধ্যমে ইন্টারনেট ব্যবহারের প্রসার ঘটিয়ে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে এগিয়ে এলো দেশের সেরা বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাও। রাশেদ হক, ভাইস প্রেসিডেন্ট, কি অ্যাকাউন্টস, এরিকসন বাংলাদেশ বলেন, ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী রবির, ডিইউআইটিএস ক্যাম্পাস থ্রিজি ডে-তে এতসংখ্যক শিক্ষার্থী দেখে আমি অনেক আনন্দিত। বিশেষ করে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের প্রযুক্তি শিক্ষার প্রতি আগ্রহ আমাকে সত্যিই মুগ্ধ করেছে। এ জন্য অংশগ্রহণকারী সবাইকে আমার আন্তরিক শুভেচ্ছা। আমরা সব সময় ইনোভেশনের ওপর গুরুত্ব দিয়ে থাকি। আমাদের ইনোভেশন অবকাঠামোর মাধ্যমেই বিভিন্ন দেশে ব্যবসায়িক সফলতা, সামাজিক উন্নয়ন এবং সর্বোপরি সাধারণ মানুষের জীবন-যাপনে ব্যাপক পরিবর্তন এসেছে। এ ধারা অব্যাহত রাখতে এরিকসন মোবাইল অপারেটদের সঙ্গে কাজ চালিয়ে যাবে এবং সামাজিক উন্নয়ন ও সাধারণ মানুষকে সেবা দিয়ে যাবে।

—সুমাইয়া রহমান সীমা